উপজেলা পরিষদ কার্যালয়

তাহিরপুর, সুনামগঞ্জ।

অক্টোবর/২০২২মাসে অনুষ্ঠিত পঞ্চম উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

সভার তারিখ ঃ ৩০-১০-২০২২খ্রি. সময় ঃ বেলা-১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণ ও কর্মকর্তাদের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট ক,খ।

সভাপতি সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে তাহিরপুর উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কর্তৃক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুর সভায় সকলের পরিচিতি পর্ব শেষ করে মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন ও মিশন কার্যকরের লক্ষে দুই হাজার একচল্লিশ সালের মধ্যে সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন করার জন্য পরস্পরের সহযোগিতা কামনা করেন এবং নিজ নিজ দায়িত্ব কর্তব্য পালনে সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নির্ধারিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০২. **আলোচনা ঃ** বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে এতে সংশোধন/ সংযোজন/ পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার জন্য সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** বিগত সভার কার্যবিবরণীতে সংশোধন/সংযোজন/পরিবর্তন না থাকায় তা সর্বসম্মিতক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**বাস্তবায়ন ঃ** সংশ্লিষ্ট সকল।

০৩. **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রতিনিধি, তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে,মহাবিশ্বে মহামারী কোভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে সরকারের নির্দেশনা মোতাবেক লোকজনদেরকে রেজিস্ট্রেশনের মাধ্যমে উপজেলা কমপ্লেক্সে ভ্যাকসিন দেওয়া হচ্ছে। চেয়ারম্যান উপজেলা পরিষদ, তাহিরপুর এবং উপজেলা নির্বাহী অফিসার সভায় অবহিত করেন যে, যথাযথভাবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসা রোগীদেরকে স্বাস্থ্য বিধি মেনে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে জনসাধারণকে সেবা দেওয়ার লক্ষ্যে দায়িত্বরত ডাক্তার ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সরকারী বিধি অনুয়ায়ী উপস্থিতি নিশ্চিত করণসহ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুরকে অনুরোধ করা হয়। একই সাথে চিকিৎসা সেবা প্রদানে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সুরক্ষার বিষয়ে অধিকতর যত্নবান থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুর,সংশ্লিষ্ট সকল।

০৪. **কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি অফিসার প্রতিনিধি সভায় তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা মাঠ পর্যায়ে কৃষকদেরকে সার্বিক ভাবে বিভিন্ন দিন নির্দেশনা প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসার তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হলো।

**বাস্তবায়ন ঃ** উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

০৫. **প্রাণি সম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর সভায় জানান যে, জনবল সংকট থাকার ফলে দাপ্তরিক কার্যক্রম কিছুটা ব্যহত হচ্ছে। তাছাড়া প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করাসহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণের মাধ্যমে ঘাস চাষে কৃষকদের মনোযোগী করে তোলা হচ্ছে। খামারীদের গবাদি পশু ও হাঁস মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে। তাছাড়া FAO এর সহযোগিতায় ইমাজেন্সীতে বন্যায় কবলিত এলাকায় গবাদি পশুর খাদ্য বিতরণের জন্য চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ সকলের নিটক হতে গবাদি পশুর খামীদের তালিকা তালিকা চাওয়া হয়েছে এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করাসহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। প্রশিক্ষণের মাধ্যমে ঘাস চাষে কৃষকদের মনোযোগী



CamScanner

করে তোলা, এবং খামারীদের গবাদি পশু ও হাঁস মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করার জন্য ও বিভিন্ন ইউনিয়ন হতে আক্রান্ত গবাদি পশুকে সুচিকিৎসা প্রদান করার বিষয়ে উপজেলা উপজেলা প্রাণি সম্পদ অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

(২) ঃ বিস্তারিত আলোচনান্তে FAO এর সহযোগিতায় ইমাজেন্সীতে বন্যায় কবলিত এলাকায় গবাদদি পশুর খাদ্য বিতরণের তালিকা জরুরী ভিত্তিতে উপজেলা প্রাণিসম্পদ অফিসে দাখিল করার জন্য সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

০৬. **মৎস্য বিভাগ** ঃ উপজেলা মৎস্য অফিসার তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে সভায় উপস্থিত সকল সদস্য অসন্তোষ প্রকাশ করেন।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য এবং মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন বাজারে হাওরে কারেন্টজাল দিয়ে মাছ ধরতে না পারে সে জন্য সময় সময় অভিযান পরিচালনা চলমান রাখতে হবে। উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে অনুপস্থিতির কারন দর্শানোর জন্য। উপজেলা মৎস্য অফিসার তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা মৎস্য অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ।

০৭. **শিক্ষা বিভাগ** ঃ উপজেলা শিক্ষা তাহিরপুর অফিসার তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে সভায় উপস্থিত সকল সদস্য অসন্তোষ প্রকাশ করেন। করা হয়।

**সিদ্ধান্ত** ঃবিস্তারিত আলোচনান্তে উপজেলা শিক্ষা অফিসার তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে সভায় উপস্থিত সকল সদস্য অসন্তোষ প্রকাশ করেন। উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে অনুপস্থিতির কারণ দর্শানোর জন্য উপজেলা শিক্ষা অফিসার,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হল।

(২) ঃ বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সঠিক ভাবে পরিচালনাসহ বিদ্যালয় পরিদর্শন করা এবং সংশ্লিষ্ট সকল শিক্ষক উপস্থিতি নিশ্চত করে যথাযথ ভাবে পালন করার জন্য সঠিক সময়ে বিদ্যালয়ে শিক্ষগণের উপস্থিতি নিশ্চত করার বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। এ বিষয়ে কোন প্রকার অভিযোগ পাওয়া গেলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ (সংশ্লিষ্ট সকল)।

০৮. **প্রকৌশলী বিভাগঃ** উপজেলা প্রকৌশলী এলজিইডি,তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। সভায় আলচোনা করা হয় ২০২২-২০২৩ অর্থবছরের এডিপি প্রকল্প বাস্তবায়নের লক্ষে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এবং উপজেলা পরিষদের সরকারি সকল বিভাগের প্রধানগণ ও সংশ্লিষ্ট সকলকে বিভিন্ন খাত ওয়ারী প্রকল্পের তালিকা দাখিল করার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরকে অনুরোধ করা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরের শ্রীপুর দক্ষিণ ইউনিয়নে শিব বাড়ি হাওর ও ঘমরার হাওরে বৃক্ষরোপণ বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যায়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা হয়। কিন্তু বরাদ্দ না থাকার কারণে বৃক্ষরোপণ বাস্তবায়ন প্রকল্পের কাজের বিল পরিশোধ করা যায়নি। তাই উক্ত বিল পরিশোধের জন্য সভায় আলোচনা করা হয়। উপজেলা প্রকৌশলী সভায় জানান উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিস ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে সৌন্দর্য বর্ধন এবং টয়লেট টাইলস করণ সংস্কার ও মেরামতের কাজ বাস্তবায়ন করা হয়। উপজেলা পরিষদের আবাসিক কোয়াটারে বসবাসরত লোকজনের পানি ব্যবহারের সুবিধার্থে কোয়াটারের সম্মুখে ২,০০,০০০/- (দুই) লক্ষ টাকা ব্যয়ে ০১ (একটি) গভীর নলকুপ স্থাপন করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনে সাবমারজিবল মটর স্থাপন,পানির ট্যাংকি পরিবর্তন ও পানির লাইন সংস্কার বাবদ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করা হয়। তাহিরপুর উপজেলা কমপ্লেক্সে ০১ (একটি) গভীর নলকুপ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ) হাজার) টাকা ব্যয়ে স্থাপন করা হয়। উক্ত ব্যয় বিল পরিশোধের জন্য সভায় আলোচনা করা হয়। বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, তাহিরপুর উপজেলা কামন্ড পুরাতন ভবন, উপজেলা পরিষদ ভবন এবং উপজেলা বঙ্গবন্ধু কনপারেন্স হল রুম, রং করার জন্য সভায় আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃবিস্তারিতআলোচনান্তে ২০২০-২০২১ অর্থ বছরের শ্রীপুর দক্ষিণ ইউনিয়নে শিববাড়ি হাওর ও ঘমরার হাওরে বৃক্ষরোপণ বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার ব্যয় বিল বরাদ্দ না থাকার কারণে পরিশোধ করা যায়নি। তাই বরাদ্দ থাকা সাপেক্ষ উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

(০২)ঃ বিস্তারিতআলোচনান্তে ২০২২-২০২৩ অর্থবছরের এডিপি প্রকল্প বাস্তবায়নের লক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে এবং উপজেলা পরিষদের সরকারি সকল বিভাগের প্রধানগণ ও সংশ্লিষ্ট সকলকে বিভিন্ন খাত ওয়ারী প্রকল্পের তালিকা দাখিল করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

(০৩) ঃ বিস্তারিতআলোচনান্তে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিস ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে সৌন্দর্য বর্ধন এবং টয়লেট টাইলস করণ সংস্কার ও মেরামতের কাজের ব্যয় বিল। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

(০৪) ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের আবাসিক কোয়াটারে বসবাসরত লোকজনের পানি ব্যবহারের সুবিধার্থে কোয়াটারের সম্মুখে ২,০০,০০০/-(দুই) লক্ষ টাকা ব্যয়ে ০১ (একটি) গভীর নলকুপ প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা হয়। উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনে সাবমারমারজিবল মটর স্থাপন,পানির ট্যাংকি পরিবর্তন ও পানির লাইন সংস্কার,তাহিরপুর উপজেলা কমপ্লেক্সে ০১ (একটি) গভীর নলকুপ ২,০০,০০০/- (দুই লক্ষ ) টাকা ব্যয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা হয়। উক্ত ব্যয় উপজেলা পরিশোধের উন্নয়ন তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

(০৫) ঃ বিস্তারিতআলোচনান্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, তাহিরপুর উপজেলা কামন্ত পুরাতন ভবন, উপজেলা পরিষদ ভবন এবং উপজেলা বঙ্গবন্ধু কনফারেন্স হল রুম, রং করার বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। এ বিষয়ে ইস্টিমেট তৈরী করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রকৌশলী,এলজিইডি,তাহিরপুর,সুনামগঞ্জ (সংশ্লিষ্ট)।

০৯. **পরিবার পরিকল্পনা বিভাগ** ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে জনসংখ্যা হ্রাসের লক্ষ্যে প্রয়োজনীয় জন্ম বিরতিকরণসহ আরও অন্যান্য স্থায়ী পদ্ধতি ব্যবহারের জন্য মাঠ পর্যায়ে কার্যক্রম জোরদার করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ,তাহিরপুরকে অনুরোধ করা হয়।

(২) ঃ বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলার যে সকল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র রয়েছে সে সকল কেন্দ্র নিয়মিত দর্শন/ পরিদর্শন করে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা পরিবার পরিকল্পা অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

১০. **সমাজসেবা বিভাগ** ঃউপজেলা সমাজসেবা অফিসার,তাহিরপুর ৩০-১০-২০২২ তারিখে যুব উন্নয়ন কর্তৃক কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত পরীক্ষায় ভাইবা বোর্ডে থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি।

**সিদ্ধান্ত** (১) ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা অফিসার তাহিরপুর ৩০-১০-২০২২ তারিখে যুব উন্নয়ন কর্তৃক কম্পিউটার প্রশিক্ষণ নিয়োগ সংক্রান্ত পরীক্ষার ভাইবা বোর্ডে থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে বিষয়টি সর্বসম্মতিক্রমে দৃঢ় করণ করা হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা সমাজসেবা অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ ।

১১. **মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,তাহিরপুর ৩০-১০-২০২২ তারিখে উপজেলা প্রশাসনের আয়োজনে জাতীয় বিজ্ঞান প্রযুক্তি যাদুঘরের বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতায় উপস্থিত থাকার কারণে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু যানা যায়নি।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর ৩০-১০-২০২২ তারিখে উপজেলা প্রশাসনের আয়োজনে জাতীয় বিজ্ঞান প্রযুক্তি যাদুঘরের বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতায় উপস্থিত থাকার কারণে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু যানা যায়নি। ফলে বিষয়টি সর্বসম্মতিক্রমে দৃঢ় করণ করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

১২. **সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় অফিসার তাহিরপুর সভায় জানান যে,সমবায় অধিদপ্তর কর্তৃক ২২/০৯-২০২২খ্রি.তারিখ সরকারের নির্দেশনা মোতাবেক মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়কে সভাপতি করে ২১ সদস্য বিশিষ্ট, তাহিরপুর উপজেলায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজীব, সমবায় সমতি লিঃ গঠন করা হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজীব, সমবায় সমতি লিঃ তাহিরপুর, সুনামগঞ্জ এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়।

১৩. **যুব উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার তাহিরপুর, ৩০-১০-২০২২ তারিখে যুব উন্নয়ন কর্তৃক কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত পরীক্ষায় ভাইবা বোর্ডে থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা যুব উন্নয়ন অফিসার,তাহিরপুর ৩০-১০-২০২২ তারিখে যুব উন্নয়ন কর্তৃক কম্পিউটার প্রশিক্ষণ নিয়োগ সংক্রান্ত পরীক্ষায় ভাইবা বোর্ডে থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে বিষয়টি সর্বসম্মতিক্রমে দৃঢ় করণ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুর,সুনামগঞ্জ।

১৪. **জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি ফলে সভায় উপস্থিত সকল সদস্য ভিন্নমত পোষণ করেন।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে অনুপস্থিতির কারণ দর্শানোর জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য তাহিরপুর, সুনামগঞ্জ।

১৫. **প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,তাহিরপুর কতর্তৃক প্রতিনিধি সভায় জানান যে,২০২২-২০২৩ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষাবেক্ষনের টিআর, কাবিখা-কাবিটা ও ইজিপিপি খাতে বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের আলোকে বিভাজ করে উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকলকে দ্রুত প্রকল্প তালিকা উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস,তাহিরপুরে দাখিল করার জন্য অবহিত করেন।এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে জানান টিআর, কাবিখা-কাবিটা ও ইজিপিপি খাতে বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের আলোকে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকলকে দ্রুত প্রকল্প তালিকা উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, তাহিরপুরে দাখিল করার জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করেন।

**বাস্তবায়ন ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

১৬. **পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাহিরপুর সভার জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ।

১৭. **মহিলা বিষয়ক বিভাগ ঃ** উপজেলা মহিলা বিষক অফিসার তাহিরপুর ৩০-১০-২০২২ তারিখে যুব উন্নয়ন কর্তৃক কম্পিউটার প্রশিক্ষণ নিয়োগ সংক্রান্ত পরীক্ষার ভাইবা বোর্ডে থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি।



CamScanner

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা মহিলা বিষক অফিসার তাহিরপুর ৩০-১০-২০২২ তারিখে যুব উন্নয়ন কর্তৃক কম্পিউটার প্রশিক্ষণ নিয়োগ সংক্রান্ত পরীক্ষার ভাইবা বোর্ডে থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে বিষয়টি সর্বসম্মতিক্রমে দৃঢ় করণ করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

১৮. **আনসার ও ভিডিপি বিভাগ ঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুর,সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি ফলে সভায় উপস্থিত সকল সদস্য অসন্তোষ পোষণ করেন। জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুর,সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি ফলে সভায় উপস্থিত সকল সদস্য অসন্তোষ পোষণ করেন। উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে অনুপস্থিতির কারণ দর্শানোর জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হল।

**বাস্তবায়ন ঃ** উপজেলা আনসার ভিডিপি অফিসার ( ভারপ্রাপ্ত), তাহিরপুর, সুনামগঞ্জ।

১৯. **বিবিধ ঃ** উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান ১৪২৯ বাংলা সনের উপজেলা পরিষদ,তাহিরপুর এর নৌকাঘাট ইজারা সংক্রান্ত বিজ্ঞাপন বিল বাবদ সুনামকণ্ঠ কর্তৃক ভ্যাটসহ সর্বমোট ৩০,৮২০/-(ত্রিশ হাজার আটশত বিশ) টাকা। ১৪২৯ বাংলা সনের সমকাল কর্তৃক নৌকাঘাট ইজারা সংক্রান্ত বিজ্ঞাপন বিল বাবদ ৪৬,৫৭৫/-(ছেচল্লিশ হাজার ছয়শত পচাত্তর) টাকা।

১৪২৯ বাংলা সনের আমাদের সময় কর্তৃক হাট বাজার ইজারা সংক্রান্ত বিজ্ঞাপন বিল বাবদ ভ্যাটসহ সর্বমোট ৬২,১০০/- (বাষট্টি হাজার একশত) টাকা, ১৪২৯ বাংলা সনের হাওরাঞ্চলের কথা কর্তৃক হাট বাজার ইজারা সংক্রান্ত বিজ্ঞাপন বিল বাবদ ভ্যাটসহ সর্বমোট ২৯,৪৪০/- (উনত্রিশ হাজার চারশত চল্লিশ) টাকা। উক্ত ব্যয় বিল পরিশোধের জন্য সভায় এালাচনা করা হয়। ট্যাকেরঘাট ডিসি বাংলোতে ০২টি ফ্লাস লাইট একটি হিটারটেপ বাবদ ২২,২৫০/- (বাইশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা ব্যয় করা হয়। উক্ত ব্যয় বিল পরিশোধের জন্য ৩০-১০-২০২২ তারিখ জনাব আলী আহমদ,পিতা-হাজী মোঃ রবিউল্লাহ, গ্রাম-জয়নগর,কর্তৃক একটি আবেদন দাখিল করেন। আবেদনের আলোকে এ বিষয়ে সভায় আলোচনা করায়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে ১৪২৯ বাংলা সনের উপজেলা পরিষদ,তাহিরপুর এর নৌকাঘাট ইজারা সংক্রান্ত বিজ্ঞাপন বিল বাবদ সুনামকণ্ঠ কর্তৃক ভ্যাটসহ সর্বমোট ৩০,৮২০/-(ত্রিশ হাজার আটশত বিশ) টাকা। ১৪২৯ বাংলা সনের সমকাল কর্তৃক নৌকাঘাট ইজারা সংক্রান্ত বিজ্ঞাপন বিল বাবদ ভ্যাটসহ সর্বমোট ৪৬,৫৭৫/- (ছেচল্লিশ হাজার ছয়শত পচাত্তর) টাকা। উক্ত ব্যয় বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(০২) ঃ বিস্তারিত আলোচনান্তে ট্যাকেরঘাট ডিসি বাংলোতে ০২টি ফ্লাস লাইট একটি হিটারটেপ২২,২৫০/- (বাইশ হাজার দুইশত পঞ্চাশ) টাকার ব্যয় ভাউচার সঠিক থাকায়। উক্ত ব্যয় বিল জনাব আলী আহমদকে,পিতা-হাজী মোঃ রবিউল্লাহ,গ্রাম- জয়নগর উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(০৩) ১৪২৯ বাংলা সনের আমাদের সময় কর্তৃক হাট বাজার ইজারা সংক্রান্ত বিজ্ঞাপন বিল বাবদ ভ্যাটসহ সর্বমোট ৬২,১০০/-(বাষট্টি হাজার একশত) টাকা। ১৪২৯ বাংলা সনের হাওরাঞ্চলের কথা কর্তৃক হাট বাজার ইজারা সংক্রান্ত বিজ্ঞাপন বিল বাবদ ভ্যাটসহ সর্বমোট ২৯,৪৪০/- (উনত্রিশ হাজার চারশত চল্লিশ) টাকা। উক্ত ব্যয় বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর।

২০. **ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক ঃ** উপজেলা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি ফলে সভায় উপস্থিত সকল সদস্য অসন্তোষ পোষণ করেন।



CamScanner

- সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে অনুপস্থিতির কারণ দর্শানোর জন্য ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট সকল, তাহিরপুর, সুনামগঞ্জ।

২১ .সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১০/২০২২

(করুনা সিন্ধু চৌধুরী বাবুল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.১৯-১৭ (৫০) তারিখ: ৩০অক্টোবর ২০২২খ্রি

সদয় অবগতি প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। মাননীয় সংসদ সদস্য-২২৪, সুনামগঞ্জ-০১ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার বিভাগ,সুনামগঞ্জ।
০৭। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৮। সিভিল সার্জন, সুনামগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ

০৯। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
১০। উপজেলা.............................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল) তাহিরপুর, সুনামগঞ্জ।
১১। চেয়ারম্যান, ..........................................ইউনিয়ন পরিষদ (সকল) তাহিরপুর, সুনামগঞ্জ।
১২। অফিস নথি/ মাস্টার ফাইল।

৩০/১০/২০২২

(মোঃ রায়হান কবির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ
E-mail: unotahirpur@gmail.com

০৭/১০/২০২২ তাহিরপুর উপজেলা পরিষদের অধিবেশন–৪
সভাপতি: জনাব করুনা সিন্ধু চৌ: বাবুল
সময়: দুপুর ১২ ঘটিকা. স্থান: উপজেলা পরিষদ হল রুম।

| নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব. করুনা সিন্ধু চৌ: বাবুল | চেয়ারম্যান উপজেলা পরিষদ তাহিরপুর | |
| ০২ | জনাব. মো: রায়হান কবির | উপজেলা নির্বাহী অফিসার তাহিরপুর | ? |
| ০৩ | জনাব রিয়াজ উদ্দীন | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ তাহিরপুর | [স্বাক্ষর] |
| ০৪ | জনাব. খালেদা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান তাহিরপুর | খালেদা |
| ০৫ | জনাব. আলি হায়দার | চেয়ারম্যান শ্রীপুর উত্তর ইউনিয়ন | ? |
| ০৬ | জনাব. আলী আহমদ মুরাদ | চেয়ারম্যান শ্রীপুর দক্ষিণ | [স্বাক্ষর] |
| ০৭ | জনাব. মো: ইউনুছ আলী | চেয়ারম্যান বড়দল ইউনিয়ন দক্ষিণ | [স্বাক্ষর] |
| ০৮ | জনাব. মো: মাসুক মিয়া | চেয়ারম্যান বড়দল উত্তর ইউনিয়ন | [স্বাক্ষর] |
| ০৯ | মাসুক মিয়া | " বড়দল উত্তর ইউনিয়ন | ? |
| ১০ | নিজাম উদ্দিন | " বাদাঘাট | মো: নিজাম উদ্দিন |
| ১১ | জনাব আলী | " তাহিরপুর | [স্বাক্ষর] |

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১২ | আযাদ হোসেন | [illegible] | [signature] |
| ১৩ | মো: আরাফাত উল্লাহ খান UE | UE তাহি: পুঃ | [signature] |
| ১৪ | মো: হাসান হাবিব | মেডিকেল অফিসার তাহিরপুর উ.স্বা.ক. | [signature] 30/10/22. |
| ১৫ | ম. মাহির আহমেদ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার তাহিরপুর | [signature] |
| ১৬ | মো: জুলফিকার হোসেন | UFPO তাহির. পুঃ | [signature] |
| ১৭ | আশীষ আচার্য্য | উপজেলা সমবায় অফিসার তাহিরপুর | [signature] |
| ১৮ | অ:দা: মো: আনোয়ার হোসেন | বন বিভাগ, তাহিরপুর | [signature] |
| ১৯ | মো: সুলতান আলী | URDO | [signature] |
| ২০ | মো: জসিম উদ্দিন | SAE পি আই ও অফিস | [signature] |
| ২১ | বিজেন্দ্র কান্তি মজুমদার | [illegible] | [signature] |
| ২২ | আবু তাহের মো: সামসুদ্দিন | AEO, উপজেলা কৃষি অফিস তাহিরপুর | [signature] |

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২৩ | মো: মাহমুদুল হাসান | UMSO | [signature] |
| ২৪ | ডা. [illegible] | UHFPO, Tahirpur | [signature] |